

বাংলাদেশ হাইকমিশন, সিঙ্গাপুর

(শ্রম ও কল্যাণ উইং)

সিঙ্গাপুরে কর্মরত ও গমনেচ্ছু কর্মীদের জন্য সাধারণ জ্ঞাতব্য

ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার মেম্বারশীপ কার্ড এর আবেদন প্রক্রিয়া:

যে সকল প্রবাসী সিঙ্গাপুরে কাজ করছেন কিন্তু বিএমইটি (BMET) ক্লিয়ারেন্স কার্ড নেই তারা ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ডের সদস্য (Wage Earners' Welfare Card) পদের জন্য নিম্নলিখিত বিষয়গুলো অনুসরণ করুন-

০১। আবেদন লিংক: <http://member.wewb.gov.bd/wewbm/createnewMemberHomeAll>

০২। আবেদনের জন্য সংযুক্ত কাগজপত্র:

- পাসপোর্ট এর কপি,
- ওয়ার্ক পারমিট এর কপি,
- নমিনির ভোটার আইডি কার্ড/জন্ম নিবন্ধন এর কপি।

০৩। ফি প্রদান: আবেদন প্রক্রিয়া সম্পন্ন হলে বাংলাদেশ হাইকমিশন, সিঙ্গাপুরের অনুকূলে ৪৫ (পয়তাল্লিশ) সিঙ্গাপুর ডলার পেমেন্ট প্রদান করতে হবে।

০৪। ওয়েজ আর্নার্স মেম্বারশীপ কার্ড ডাউনলোড লিংক: <http://member.wewb.gov.bd/wewbm/membershipCard>

উক্ত লিংকের মাধ্যমে পাসপোর্ট নাম্বার ইনপুট করে (অবশ্যই মনে রাখতে হবে পাসপোর্ট এর প্রথম ডিজিট এর পর একটা স্পেস দিতে হবে যেমন-A 13282997) ওয়েজ আর্নার্স মেম্বারশীপ কার্ড ডাউনলোড করা যায়। এছাড়াও আবেদনকারীর প্রদত্ত ই-মেইলে ওয়েজ আর্নার্স মেম্বারশীপ কার্ড এর পিডিএফ কপি প্রদান করা হয়ে থাকে।

ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার মেম্বারশীপ কার্ড এর সুবিধা:

- প্রবাসী কর্মীর প্রতিবন্ধী সন্তানদের মাসিক ভাতা প্রদানের সুযোগ
- প্রবাসী কর্মীর সন্তানদের স্কুলে ভর্তির জন্য ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রত্যায়নপত্র প্রদান
- প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের প্রতিবছর শিক্ষা বৃত্তির সুবিধা
- প্রবাসে মৃত বাংলাদেশী কর্মীর পরিবারকে ৩ (তিন) লক্ষ টাকা পর্যন্ত আর্থিক অনুদান প্রদান
- আহত ও অসুস্থ কর্মীকে দেশে ফেরত আনা এবং বিশেষ ক্ষেত্রে হাসপাতালে ভর্তিতে সহায়তা প্রদান
- প্রবাসে মৃত্যবরণকারী কর্মীর মৃতদেহ দেশে আনয়নে সহায়তা প্রদান
- মৃতদেহ স্বজনের নিকট হস্তান্তরের সময় বিমানবন্দরে স্থাপিত “প্রবাসী কল্যাণ ডেক্স”হতে দেশের অভ্যন্তরে মৃতদেহ পরিবহন ও দাফন খরচ বাবদ ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকার আর্থিক অনুদান
- প্রবাসে মৃত কর্মীর মৃত্যুজনিত ক্ষতিপূরণ/ইন্স্যুরেন্স/বকেয়া বেতন/সার্ভিস বেনিফিট আদায় এবং ওয়ারিশদের নিকট প্রেরণ
- এছাড়া ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কর্তৃক বিভিন্ন সময়ে প্রদত্ত অন্যান্য কল্যাণমূলক সেবা প্রদান।

আইপিএ অনলাইনে যাচাইকরণ প্রক্রিয়া:

- অনলাইনে আইপিএ যাচাই এর জন্য Google এ **Check work pass and application status for Singapore** লিখে Search দেওয়া যেতে পারে। পরবর্তীতে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণপূর্বক আপনার অনুকূলে আইপিএ ইস্যু করা হয়েছে কিনা তা যাচাই করতে পারবেন।

Check a work pass and application status



Select your language – Bangla/English



I want to check (Click Start)



Provide the following details ('Date of Birth' and 'Passport Number') and Submit

- এছাড়াও সরাসরি <https://service2.mom.gov.sg/workpass/enquiry/search> প্রদত্ত লিংক অনুসরণপূর্বক Date of Birth and Passport Number ইনপুট দিয়ে আপনার অনুকূলে আইপিএ ইস্যু করা হয়েছে কিনা তা যাচাই করতে পারবেন।
- সর্বশেষ হালনাগাদ (০৩ এপ্রিল, ২০২৫) তথ্য অনুযায়ী বর্তমানে ০৫ (পাঁচ)টি BCA Approved Overseas Testing Centres (OTCs) Fonda Test Centre, Santrali's Test Centre, Singapore Engineering & Construction-South Point Skills Centre, ComfortDelgro-Setsco Test Centre and Lian Beng Training and Testing Centre অনুমোদন রয়েছে [Source Link: <https://www1.bca.gov.sg/docs/default-source/docs-corp-buildsg/manpower/otc-contact-list.pdf>]। বর্ষিত ০৫ (পাঁচ)টি OTCs এর মাধ্যমে সিঙ্গাপুর সরকারের BCA কর্তৃক অনুমোদিত বিভিন্ন ট্রেডে পরীক্ষণ (Testing) কার্যক্রম সম্পন্ন হয়ে থাকে। সিঙ্গাপুরে কর্মী প্রেরণের জন্য প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত অভিবাসন ব্যয় বিমান ভাড়াসহ ২,৬২,২৭০/- (দুই লক্ষ বাষট্টি হাজার দুইশত সত্তর) টাকা নির্ধারণ করা হয়েছে। উপরিউক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক যাচাই করে ও বুঝে নিশ্চিত হয়ে সিঙ্গাপুরের নিজ নিজ কর্মস্থলে যোগদানের জন্য পরামর্শ দেওয়া হলো।

লস্ট এন্ড ফাউন্ডস (Lost & Finds):

সিঙ্গাপুরস্থ বাংলাদেশী অভিবাসী কর্মী এবং বাংলাদেশী নাগরিকগণ প্রায়শ: ব্যাগ, মানিব্যাগ, পাসপোর্ট, ওয়ার্ক পারমিটসহ অন্যান্য প্রয়োজনীয় জিনিসপত্র সিঙ্গাপুরের বিভিন্ন স্থানে হারিয়ে ফেলে। সেক্ষেত্রে উক্ত হারিয়ে যাওয়া জিনিসপত্র স্থানীয় পুলিশ বাংলাদেশ হাইকমিশন, সিঙ্গাপুরে প্রেরণ করে থাকে। সকল প্রবাসীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আপনাদের হারিয়ে যাওয়া জিনিসপত্র পুলিশে রিপোর্ট করার পর উক্ত রিপোর্টসহ বাংলাদেশ হাইকমিশন, সিঙ্গাপুরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

